

গাজার গণহত্যা প্রতিবাদী উচ্চারণ



রক্তাপ্লুত গাজার গোলাপ

তুষার গায়েরন

প্রতিহিংসা প্রয়োগ করে কী পাবে তুমি ইসরায়েল?
ভূমি থেকে হাজার বছর ধরে বিতাড়িত নির্ধুম রাত্রির শোধ?
সাদা গোলাপের মতো ছোট ফুটফুটে ফিলিস্তিনি শিশুকে
তিনদিক থেকে বন্দুকের নলে ঘিরে রেখে কী শোধ নেবে তুমি?
গাজার অক্ষুট গোলাপগুলো যেভাবে রক্তাপ্লুত হলো
সে রক্ত কি বিপরীতে ধাবিত নয় বলো?
এই ভূমি উভয়েরই- বৃক্ষদের কাছে আমাদের
মিথজীবিতা শেখা হলো না তো!

চারপাশে ফ্রিজশট

তমিজ উদদীন লৌদী

গাজা থেকে ফিরে আসছে হাওয়া। ক্রন্দন! ক্রন্দন!
চারপাশে মৃত্যুদৃশ্য, চারপাশে ফ্রিজশট
কটুগন্ধ ছড়িয়ে পড়ছে, মস্তিষ্ক ছিটকে যাচ্ছে
ক্ষত-বিক্ষত পৃথিবীর উদ্বাস্ত শিবিরে।
বিষপিপড়েগুলো বিষাক্ত কামড়ে খাবলে নিচ্ছে মাংস
উপত্যকার। পড়ে আছে ধড় উল্টো করা মলোটোভ ককটেল-শব
দাউদাউ জ্বলন্ত শরীর। শিশুর, নারীর, জড়বুদ্ধি জ্যাক্ত লাশের।
মানুষেরা পোকামাকড়ের মতো ঝাঁক বেঁধে ক্রোধে চলাচল করে।
কে কার আহাজারি! কে কার মথিত চিত্কার!
উল্লোলিত তুমুল রোদন
মানুষের পেঁজা পেঁজা মাংস, ঘৃণায় ঘৃণায় তীব্রদাহ।
গাজা থেকে ফিরে আসছে দাবদাহ
ক্রন্দন! রোদন!

গাজাতে ঈদ ছিল

ফাহমিনা নূর

বিস্তার আলাপনের নেপথ্যে বাজে বিউগলের সুর
মেঘমালা এলে ঢেকে যায় ক্ষীণকায় চাঁদ
অবেশ্যায় রাত জাগে একাকী রাত
মেঠো ঘাসে দোল খেয়ে ফিরে গেছে আগামী প্রভাত
তখনো হোলিতে মাতে এ কোন অসুর!

খসে পড়া কুঁড়ি

সেলিম রেজা

রক্তে ভেজা একটি ভূখণ্ডের নাম ফিলিস্তিন
শিশু হত্যার লোমহর্ষক দলিল ফিলিস্তিন
ইহুদি বর্বরতার চরম ইতিহাস ফিলিস্তিন
খসে পড়া কুঁড়ি- কালের করোটি ফিলিস্তিন...

মানুষ তুমি কোথায় মানুষ?

রবীন আহসান

মানুষ তুমি ড্রোনবিমানের চেয়েও ভয়ঙ্কর
ড্রোনের তো রক্ত নেই মন নেই মাথা নেই
মার্কিনের জল্লাদগুলোর শিখিয়ে দেয়া
জপি বলে যাকে তাকে হত্যা করে ড্রোন!
মানুষ তুমি ট্যাংকে বসে শিশু-নারী-পুরুষ
নির্বিচারে হত্যা করো!
মানুষ তোমার চোখ কোথায়?
মানুষ তোমার মন কোথায়?
মানুষ তোমার মাথা কোথায়?
তোমার রক্ত কোথায়?
তুমি ইহুদি-মুসলিম-খ্রিস্টান-হিন্দু-বৌদ্ধ
মানুষ তুমি কোথায় মানুষ?

রুবেনের ফুটফুটে দেবদূত শিশু

আদিতি ফালগুনী

রেনেসাঁ পেইন্টিংয়ে আঁকা
রুবেনের ফুটফুটে দেবদূত শিশুদের মতো
ওরাও...শুধু মুচড়ে ডানা তাদের
হত্যা করা হয়েছে, কেউ কি বলবে আর
'জাগো নাগিনীরা, জাগো নাগিনীরা
জাগো কালবোশেখিরা!
শিশু হত্যার বিক্ষোভে আজ কাঁপুক বসুন্ধরা!'
উন্মুল বিলাদ অথবা সভ্যতার জন্মস্থল
আহা জেরুজালেম... মোজেস এবং যেশাস
দশম বিধি ও নয়া সুসমাচার...
তৌরাত-ইঞ্জিল-কোরান
অথবা নির্বাসিত ইহুদি কৌম
গেস্টাপো গ্যাস চেম্বারে নিখর মৃত
আজ যদি হত্যার অস্ত্র ওঠে তাদেরই হাতে...
রেনেসাঁ পেইন্টিংয়ে আঁকা
রুবেনের ফুটফুটে দেবদূত শিশুদের মতো
ওরাও...শুধু মুচড়ে ডানা তাদের
হত্যা করা হয়েছে...